



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

১৩ পৌষ, ১৪২৪ বাং

তারিখ : -----

২৭ ডিসেম্বর, ২০১৭ ইং

সার্কুলার নং-ডিএমডি-০৪/২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক।

**ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার  
প্রিমিয়াম বন্ড বিক্রয়/নগদায়ন/পুনঃবিনিয়োগে ব্যাংকগুলোর এডি শাখার সক্রিয় অংশগ্রহণ প্রসঙ্গে।**

এ মর্মে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডরুলস, ১৯৮১ এর ২(৬) ধারা, ইউএস ডলার প্রিমিয়াম এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডরুলস, ২০০২ এর ২(৫) ধারা অনুযায়ী সরকার কর্তৃক প্রবর্তিত WEDB, DPB, DIB বিক্রয়/নগদায়ন/পুনঃবিনিয়োগে সকল তফসিলী ব্যাংকের এডি (Authorized Dealer) শাখাসমূহ অনুমোদনপ্রাপ্ত। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকায় অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ ব্যতীত বিভাগীয়/জেলা/উপজেলা শহরের নগণ্য সংখ্যক শাখা বর্ণিত বন্ডসমূহ বিক্রয়/নগদায়ন/পুনঃবিনিয়োগ কার্যক্রম পরিচালনা করে থাকে। সকল বিভাগীয়/জেলা/উপজেলা শহরে এডি ব্যাংক শাখাসমূহ বর্ণিত সঞ্চয় বন্ডসমূহ বিক্রয় না করার কারণে অনিবাসী ওয়েজ আর্নারগণ তাদের প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে সহজে বন্ডসমূহ ক্রয় করার সুযোগ পাচ্ছেন না। এ কারণে বন্ডে বিনিয়োগ হ্রাস পাওয়ার পাশাপাশি রেমিট্যান্সের আন্তঃপ্রবাহ বিঘ্নিত হচ্ছে। প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের অর্থ WEDB/DPB/DIB তে বিনিয়োগ সহজতর করতে বন্ডরুলসের বর্ণিত ধারা অনুযায়ী সকল বিভাগীয়/জেলা/উপজেলা শহরে অবস্থিত এডি (Authorized Dealer) শাখাসমূহকে বর্ণিত বন্ড বিক্রয়/নগদায়ন/পুনঃবিনিয়োগ কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল তফসিলী ব্যাংককে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১